

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১০০৭৯  
আগরতলা, ১৭ মার্চ, ২০২৩

### উচ্চতর মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় আজ উচ্চতর মাধ্যমিক নতুন সিলেবাসের বাংলা/ হিন্দি/ ককবরক/ মিজো, মাদ্রাসা ফাজিল আর্টস নতুন সিলেবাসের বাংলা এবং মাদ্রাসা ফাজিল থিওলজি নতুন সিলেবাসের বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৬৪টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজকের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনো পরীক্ষার্থীকে বহিস্কার করার সংবাদ পাওয়া যায়নি। নতুন সিলেবাসের উচ্চতর মাধ্যমিকের বাংলা/ হিন্দি/ ককবরক/ মিজো, মাদ্রাসা ফাজিল আর্টস-এর বাংলা ও মাদ্রাসা ফাজিল থিওলজি-র বাংলা পরীক্ষায় ৩১,৫২৮ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ছাত্র ১৪,৬০২ ও ছাত্রী ১৬,৯২৬ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৩১,২২৬ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১৪,৪৬৮ ও ছাত্রী ১৬,৭৫৮ জন। অনুপস্থিতির সংখ্যা ছাত্র ১৩৪ ও ছাত্রী ১৬৮ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.০৪ শতাংশ।

পর্ষদ সভাপতি ড. ভবতোষ সাহা আজ সুখময় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, নূতননগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহারাণি তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, উমাকান্ত একাডেমি, নেতাজী সুভাষ বিদ্যানিকেতন, পর্ষদ উপসচিব সুভাষিস চৌধুরী চৌধুরীবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, বীরেন্দ্রনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহারাণি তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং পর্ষদের ওএসডি জ্যোতির্ময় রায় ও পল্লব কান্তি সাহা গন্ডাছড়া ও রইস্যাবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন।

\*\*\*\*\*